

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
নিকলী, কিশোরগঞ্জ।

স্মারক নং- ৪৭.৬১.৪৮৭৬.০০০.২৩.০৪০.১১-৪৬১


তারিখঃ- ০৬/১১/২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ- ৫২ তম জাতীয় সমবায় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে বিশেষ প্রতিবেদন প্রেরন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সারাদেশের ন্যায় উপজেলা সমবায় কার্যালয়, নিকলী, কিশোরগঞ্জ এর উদ্যোগে যথাযোগ্য মর্যাদায় ৫২ তম জাতীয় সমবায় দিবস ২০২৩ উদযাপিত হয়েছে।

প্রথমে জাতীয় সংগীত ও সমবায় সংগীত এর মাধ্যমে সকাল ১১.০০ টায় জাতীয় পতাকা ও সমবায় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অত্র উপজেলায় জাতীয় সমবায় দিবসের কর্মসূচী শুরু হয়। জাতীয় ও সমবায় পতাকা উত্তোলনের পরপরই শুরু হয় বর্ণাঢ্য সমবায় র্যালী। বিপুল সংখ্যক সমবায়ীদের অংশ গ্রহনের মাধ্যমে জাতীয় সমবায় দিবস স্লোগানে উপজেলার গুরুত্বপূর্ণ সড়কগুলি প্রদক্ষিণ করে। র্যালী শেষ হওয়ার পরপরই শুরু হয় অনুষ্ঠানের দ্বিতীয় পর্ব আলোচনা সভা।

দ্বিতীয় পর্বের শুরুতেই সভাপতি, প্রধান অতিথি, বিশেষ অতিথি, ও আমন্ত্রিত অতিথিদের আসন গ্রহনের মাধ্যমে আলোচনা সভার কাজ আরম্ভ করা হয়। প্রথমে পবিত্র কোর-আন থেকে তেলাওয়াত ও গীতা পাঠের মধ্য দিয়ে সভাপতির অনুমতিক্রমে সভার কাজ আরম্ভ করা হয়। আলোচনা সভার প্রারম্ভে জনাব ছালেহা খাতুন, উপজেলা সমবায় অফিসার, নিকলী, কিশোরগঞ্জ স্বাগত বক্তৃতা প্রদান করেন। স্বাগত বক্তৃতার পর পরই বিশিষ্ট সমবায়ীরা সমবায় বিষয়ক গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন। বিশেষ অতিথি জনাব রিয়াজুল হক আয়াজ, নিকলী উপজেলার ভাইস চেয়ারম্যান, নিকলী, কিশোরগঞ্জ, জনাব দুর্গা রানী সাহা, ইউ.ডি নিকলী, কিশোরগঞ্জ প্রমুখ। সর্বশেষে সমবায় বিষয়ক গুরুত্বপূর্ণ ও সমাপনী বক্তৃতা প্রদান করেন উক্ত আলোচনা সভার সম্মানিত সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, নিকলী, কিশোরগঞ্জ মহোদয় বিশেষ কারণে উপস্থিত হতে পারেননি বিধায় জনাব প্রীতিলতা বর্মন, সহকারী কমিশনার ভূমি সভাপতির দায়িত্ব পালন করেন। অনুষ্ঠান শেষে আমন্ত্রিত অতিথি ও উপস্থিত সমবায়ীদের আপ্যায়ন হয়। উল্লেখ্য যে, উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে জনাব আলহাজ্ব মোঃ আফজাল হোসেন, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৫ (নিকলী-বাজিতপুর) উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করলেও অনির্বায কারণ বশতঃ অনুষ্ঠানে থাকতে পারেন নি।


ছালেহা খাতুন

উপজেলা সমবায় অফিসার
নিকলী, কিশোরগঞ্জ।

প্রাপকঃ- জেলা সমবায় অফিসার
কিশোরগঞ্জ।